দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 JUL 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

# ডিগ্রী পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে ১২ শিক্ষার্থী আটক

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ রাজশাহীর মোহনপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রী (পাস) পরীক্ষায় প্রক্সি দিতে গিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন সরকারী কলেজের ১২ শিক্ষার্থীকে আটক করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে জেলার মোহনপুর ডিগ্রী কলেজ কেন্দ্র থেকে এসব ভুয়া পরীক্ষার্থীদের আটক করা হয়। তারা ইংরেজী বিষয়ে কেশরহাট ডিগ্রী কলেজের শিক্ষার্থী সেজে পরীক্ষা দিচ্ছিল। পরীক্ষা কেন্দ্রে দায়িত্বরত শিক্ষকরা জানান, মঙ্গলবার বিকেলে ইংরেজী পরীক্ষা চলার সময় উপস্থিতির স্বাক্ষর নেয়ার সময় তাদের পিতার নাম ও স্বাক্ষরের সঙ্গে অমিল পাওয়া যায়। এতে তাদের সন্দেহ হলে চ্যালেঞ্জ করা হয়। তবে এসব ভুয়া পরীক্ষার্থীরা কোন সদুত্তর দিতে পারেনি। পরে তাদের পুলিশে হাতে সোপর্দ করা হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি. বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর